



দুটি মামলায় জামিন মঞ্জুর আমির হামজার



আমির হামজা। ছবি: সংগৃহীত

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে নিয়ে কট্টকির অভিযোগে দায়ের করা দুটি মানহানি মামলায় জামিন পেয়েছেন কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য ও জামায়াত নেতা মুফতি আমির হামজা।

রোববার (১৪ জুন) দুপুরে সিরাজগঞ্জ অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে তিনি জামিন আবেদন করেন। শুনানি শেষে বিচারক সুমন কর্মকার তার স্থায়ী জামিন মঞ্জুর করেন।

আদালতে আমির হামজার পক্ষে আইনজীবী মো. আবু তালেব এবং বাদীপক্ষে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক হুমায়ুন কবির কর্নেল শুনানি করেন। বিষয়টি নিশ্চিত করেন জেলা জজ আদালতের আইনজীবী আমিনুল ইসলাম মল্লিক।

এর আগে হাইকোর্ট থেকে আগাম জামিন নিয়ে তিনি সিরাজগঞ্জ আদালতে হাজির হন। পরে দুই মামলায় হেস্তারি পরোয়ানা জারির পর আত্মসমর্পণ করে জামিনের আবেদন জানান তিনি।

মামলার নথি অনুযায়ী, নির্ধারিত সময়ে আদালতে হাজির না হওয়ায় তার বিরুদ্ধে হেস্তারি পরোয়ানা জারি করা হয়েছিল এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশও দেওয়া হয়।